

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইন অধিশাখা


স্মারক নং-১২.০২৮.০০৪.০৫.০৪.০১০.২০১২-৪০৬

তারিখঃ- ২১ কার্তিক ১৪২১
০৫ নভেম্বর ২০১৪

সভার বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর নিয়ন্ত্রনাধীন আসাদগেট ফলবিধি হর্টিকালচার সেন্টার ১৯৭১ সাল হতে অদ্যাবধি ডিএই'র অধিনে বৃহত্তর ঢাকা শহরের বিভিন্ন প্রকার চারা, বীজসহ কৃষি উপকরণ তৈরী ও সরবরাহ, পরামর্শ প্রদান করে আসছে। দীর্ঘদিন যাবত উক্ত হর্টিকালচার সেন্টারের জমি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দখলে থাকলেও উক্ত জমি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নামে রেকর্ডভুক্ত হয়েছে।

০২। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব স্বপন কুমার সাহা এর সভাপতিত্বে আগামী ১৭ নভেম্বর ২০১৪, সোমবার, বিকাল-৩.০০ ঘটিকায় তাঁর অফিস কক্ষে (ভবন নং-৪, কক্ষ নং-৪২২) একটি আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় একজন উপযুক্ত প্রতিনিধি-কে প্রয়োজনীয় ডকুমেন্টসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ড. নলিনী রঞ্জন বসাক)

উপ-সচিব (আইন)

টেলিফোন-৯৫৫২৩৭৭/

মোঃ ০১৯১২১৩০৮১৭

বিতরণ :-

- ১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
- ৩। প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, মিরপুর, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, ঢাকা
- ৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
- ৬। নির্বাহী প্রকৌশলী, গৃহ গবেষণা কেন্দ্র (জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ), মোহাম্মদপুর, ঢাকা
- ৭। হর্টিকালচারিষ্ট, আদাসগেট ফলবিধি হর্টিকালচার সেন্টার, আসাদগেট, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে অনুরোধসহ :

- ১। উপ-সচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-(সভায় আগত কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপ-সচিব, প্রশাসন-২ সেবা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়-(সভায় উপস্থিত সদস্যদের প্রয়োজনীয় আপ্যায়নের অনুরোধসহ)
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা-(নোটিশটি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় এর ব্যক্তিগত কর্মকর্তা।